**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা
www.supremecourt.gov.bd

সার্কুলার নং- ০৬/২০১৭ এ, তারিখঃ ১৬ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ
২৮ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ সারাদেশের অধস্তন আদালতসমূহের মালিকানাধীন জমি সীমানা প্রাচীর নির্মাণপূর্বক সুরক্ষিত রাখা প্রসঙ্গে।**

সম্প্রতি বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের গোচরীভূত হয়েছে যে, সারাদেশের অধস্তন আদালতসমূহের মালিকানাধীন জমি প্রভাবশালী কিছু মহল দখল করেছে বা দখল করার অপচেষ্টায় লিপ্ত রয়েছে। অধস্তন আদালতসমূহের মালিকানাধীন জমি বেদখল হওয়া বা বেদখলের অপপ্রয়াস বিদ্যমান থাকা সত্ত্বেও এধরনের অনাকাঙ্খিত ঘটনা জেলা জজগণ কর্তৃক সুপ্রীম কোর্টকে অবহিত না করার বিষয়টি হতাশাব্যঞ্জক।

০২। বর্তমানে বিচার বিভাগের বিদ্যমান মামলার সংখ্যা ও জনবল বিবেচনায় আদালতের স্থান স্বল্পতা প্রকট আকার ধারণ করেছে। অধিকন্তু, অধস্তন আদালতসমূহের মালিকানাধীন যে জমি রয়েছে তার অতিরিক্ত সরকারি জমি ভবিষ্যতে বরাদ্দ পাওয়া সময় সাপেক্ষ ও দূরুহ বটে। সে কারণে অধস্তন আদালতসমূহের মালিকানাধীন বেদখলীয় জমির দখল পুনরুদ্ধারসহ আদালতের জমি দখল অপচেষ্টায় লিপ্ত প্রভাবশালী মহলের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা একান্ত আবশ্যক।

০৩। এমতাবস্থায়, সারাদেশের অধস্তন আদালতসমূহের মালিকানাধীন জমি সীমানা প্রাচীর নির্মাণের মাধ্যমে সুরক্ষিত রাখা এবং বেদখলীয় জমির দখল পুনরুদ্ধারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো। একই সাথে আদালতের জমি সংক্রান্ত কাগজাদি সঠিকভাবে সংরক্ষণের জন্যও নির্দেশনা প্রদান করা হলো।

০৪। উপরি-উক্ত নির্দেশনা বাস্তবায়নের ক্ষেত্রে বা অধস্তন আদালতের জমি সংক্রান্ত কোনো অনাকাঙ্খিত ঘটনা ঘটলে সে বিষয়ে অনতিবিলম্বে অত্র কোর্টকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট জেলা জজসহ সকলকে নির্দেশনা প্রদান করা হলো।

মাননীয় প্রধান বিচারপতির আদেশক্রমে,
**স্বাঃ/-**
(আবু সৈয়দ দিলজার হোসেন)
রেজিস্ট্রার
ফোনঃ ৯৫১৪৬৪৬
ই-মেইলঃ registrar_hcd@supremecourt.gov.bd

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। জেলা ও দায়রা জজ,------------------------------------------------------------ ----- (সকল)।
৩। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,------------------------------------------------------------(সকল)।
৪। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,---------------------------------------------------------(সকল)।
৫। জেলা প্রশাসক ----------------------------------------------------------------------(সকল)।
৬। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৭। গবেষণা ও তথ্য কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা [সংরক্ষনের জন্য]
৮। রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৯। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

28.02.17
(মো'তাছিম বিল্যাহ)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোনঃ ৯৫৬১৯৩২
ই-মেইলঃ judge.motasim@gmail.com